

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪৮৬

তারিখ: ০২ মে ২০১৯

- বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের এপ্রিল ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ০৫ মে ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত।	প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত এপ্রিল ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক বিগত মাসের প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় এর ধারাবাহিকতা ধরে রাখার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	আর্থিক অনুদান প্রদান সম্পর্কে নিয়ম অনুসরণ।	(ক) মালয়েশিয়ায় মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে পূর্ব নির্ধারিত জন্ম তারিখ ১৯৮৫ সালের বিষয়ে অবশ্যই মৃত ব্যক্তির পরিবারের সাথে আলাপ করে জানতে হবে মৃত ব্যক্তি কবে বিদেশ গমন করেছেন। এ বিষয়ে যথার্থতা বিবেচনা করে আর্থিক অনুদান মঞ্জুরির বিষয়ে নথি উপস্থাপন করতে হবে। (খ) অত্র কার্যালয় থেকে বিভিন্ন দপ্তরে প্রেরিতব্য পত্র স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট পত্র স্বাক্ষরকারীকে অবশ্যই ভালভাবে যাচাইপূর্বক স্বাক্ষর করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	(ক) মালয়েশিয়ায় মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে পূর্ব নির্ধারিত জন্ম তারিখ ১৯৮৫ সালের বিষয়ে অবশ্যই মৃত ব্যক্তির পরিবারের সাথে আলাপ করে জানতে হবে মৃত ব্যক্তি কবে বিদেশ গমন করেছেন। এ বিষয়ে যথার্থতা বিবেচনা করে আর্থিক অনুদান মঞ্জুরির বিষয়ে নথি উপস্থাপন করতে হবে। (খ) অত্র কার্যালয় থেকে বিভিন্ন দপ্তরে প্রেরিতব্য পত্র স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট পত্র স্বাক্ষরকারীকে অবশ্যই ভালভাবে যাচাইপূর্বক স্বাক্ষর করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
৩.০	সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় মৃত কর্মীর লাশ পরিবারের নিকট হস্তান্তর।	সম্প্রতি সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় মৃত ১০ জন বাংলাদেশী কর্মীর লাশ বিমানবন্দরে আগমন করলে আগত মরদেহসমূহ মৃতের পরিবারের নিকট হস্তান্তরের সময় পরিচালক পর্যায়ের কর্মকর্তা বিমানবন্দরে গমনপূর্বক যথাযথভাবে লাশ হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। সভায় সড়ক দুর্ঘটনায় নিহত ব্যক্তিদের রুহের মাগফেরাত কামনা করা হয় এবং শোক সন্তপ্ত পরিবারের সাথে সমবেদনা জ্ঞাপন করেন।	সম্প্রতি সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় মৃত ১০ জন বাংলাদেশী কর্মীর লাশ বিমানবন্দরে আগমন করলে আগত মরদেহসমূহ মৃতের পরিবারের নিকট হস্তান্তরের জন্য পরিচালক পর্যায়ের কর্মকর্তা বিমানবন্দরে গমনপূর্বক যথাযথভাবে লাশ হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
৪.০	অফিস কালীন পোষাক ব্যবহার।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে কর্মচারীদের প্রদত্ত পোষাক বাধ্যতামূলকভাবে অফিসে ব্যবহার করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	কল্যাণ বোর্ড হতে কর্মচারীদের প্রদত্ত পোষাক বাধ্যতামূলকভাবে অফিসে ব্যবহার করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

